

Times Today BD

মীর খায়রুল আলম | দেশজুড়ে | 13 July, 2025

সাতক্ষীরা সদরের ডিবি ইউনাইটেড হাইস্কুলের প্রধান শিক্ষকের বিরুদ্ধে সেনেটারি ন্যাপকিন চুরি, শিক্ষক-শিক্ষার্থীদের গালিগালাজসহ দুর্নীতির অভিযোগ তুলে ক্লাস বর্জন করেছে শিক্ষক-শিক্ষার্থীরা।

রোববার (১৩ জুলাই) সকাল থেকে ক্লাস বর্জন করে স্কুলের সামনে মানববন্ধন ও বিক্ষোভ করে।

এসময় স্কুলের ১৫ জন শিক্ষকের অভিযোগ করে বলেন, প্রধান শিক্ষক মোমিনুর রহমান মুকুল গালিগালাজসহ খারাপ ব্যবহার করেন। এছাড়া আর্থিক কেলেঙ্কারির অভিযোগ রয়েছে। তিনি স্কুলে থাকলে আমরা কোনো ক্লাস নিবো না।

অপরদিকে শিক্ষার্থীদের অভিযোগ, মেয়েদের সেনেটারি ন্যাপকিন চুরি, খারাপ ব্যবহার করেন প্রধান শিক্ষক। প্রধান শিক্ষকের পদত্যাগ না করা পর্যন্ত আমরা ক্লাস করবো না। এসময় তারা প্রধান শিক্ষকের পদত্যাগসহ বিভিন্ন শ্লোগান দিতে থাকে।

খবর পেয়ে বিদ্যালয়ে উপস্থিত হয়েছে মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা ও পুলিশের একটি দল উপস্থিত হয়ে পরিস্থিতি নিয়ন্ত্রনের চেষ্টা করে।

গালিগালাজের বিষয়টি অস্বীকার করে প্রধান শিক্ষক মোমিনুর রহমান মুকুল বলেন, আমি কড়া প্রধান শিক্ষক হওয়ায় শিক্ষকরা আমার বিরুদ্ধে লেগেছে। তবে স্কুলের অর্থ আত্মসাথের বিষয়ে তিনি বলেন আওয়ামীলীগের সময়ে ভবন বরাদ্দের জন্য সাতক্ষীরা সদর-২ আসনের এমপিসহ

বিভিন্ন দপ্তরে ঘুষ দেওয়া লেগেছে।যে কারণে স্কুল ফান্ডের টাকা নিয়ে ঘুষ দিয়েছি।তিনি আরো বলেন কেউ না চাইলে আমি স্কুলে থাকবো না।

এ বিষয়ে সদর উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার নারায়ন চন্দ্র মন্ডল বলেন, প্রধান শিক্ষকের বিভিন্ন অনিয়মের বিরুদ্ধে অভিযোগ আমাদের কাছে রয়েছে।দ্রুত তদন্ত করে ব্যবস্থা নেওয়া হবে।এছাড়া শিক্ষার্থী ও শিক্ষকদের ক্লাসে ফিরে যাওয়ার আহ্বান জানান তিনি।

ডিবি ইউনাইটেড হাইস্কুল দুর্নীতি সাতক্ষীরা

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 19 July, 2025 17:08

URL: <https://timestodaybd.com/public/across-the-country/2732934678>